45

দৈনিক জনকণ্ঠ

তারিখ 30 NOV 1998
পৃষ্ঠা ১ কলাম ২

# এক বিষয়ে অকৃতকার্যরা এক বা সকল বিষয়ে পরীক্ষা দিতে পারবে, তবে–

## এসএসসি এইচএসসি

শাহনেওয়াজ

গত এসএসসি ও এইচএসসি পরীক্ষায় যে সকল পরীক্ষার্থী এক বিষয়ে অকৃতকার্য হয়েছে, তারা ইচ্ছা করলে আগামী ১৯৯৯ সালে অনুষ্ঠেয় পরীক্ষায় সকল বিষয়ে পরীক্ষা দিতে পারবে। এ ক্ষেত্রে পাস করলে তাদের স্বাভাবিক বিভাগ অর্থাৎ প্রথম, দ্বিতীয়, তৃতীয়

(২- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## এক বিষয়ে অকৃতকার্য

(প্রথম পাতার পর)

বিভাগ দেয়া হবে। কিন্তু শুধু মাত্র এক বিষয়ে পরীক্ষা দিলে সে ক্ষেত্রে পরীক্ষার্থীর ফল 'বিশেষ পাস' হিসাবে বিবেচিত হবে। তবে পরীক্ষার্থীর অংশগ্রহণের রেজিস্ট্রেশনের মেয়াদ থাকতে হবে।

সম্প্রতি শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক-এর সভাপতিত্বে সকল বোর্ডের চেয়ারম্যানদের এক বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয়েছে।

জানা গেছে, এক বিষয়ে অকৃতকার্য-পরীক্ষার্থীরা পরবর্তী বছরের পাবলিক পরীক্ষায় অংশ গ্রহণ করলে তাদের পাসের সার্টিফিকেটও পরবর্তী বছরের হবে। একই সাথে তাদেরকে দু' বছরের পরীক্ষার জন্য দুটো নম্বরপত্র দেয়া হবে।

বৈঠকে আরও সিদ্ধান্ত নেয়া হয়, আগামী ১৯৯৯ সালে অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষার কেন্দ্র নবেম্বরের মধ্যে ঘোষণা করা হবে। তবে কেন্দ্রের সংখ্যা বর্তমানের তুলনায় বেশি বাড়ানো হবে না। পরীক্ষা কেন্দ্রগুলো যথাসম্ভব থানা সদরে করা হবে। থানা সদরের বাইরে হলে পুলিশ, ম্যাজিস্ট্রেট মোতায়েনসহ প্রশাসনিক দিক দিয়ে বিভিন্ন সমস্যার সৃষ্টি হয়ে থাকে।

জানা গেছে, থানা সদরে অবস্থিত সরকার-বেসরকারী স্কুল-কলেজে স্থান সঙ্কুলান না হলে প্রয়োজনে সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়ে পরীক্ষা নেয়া হবে।

বৈঠকে আরও সিদ্ধান্ত নেয়া হয়, বিজ্ঞান বিভাগ খোলা না হলে নতুনভাবে স্থাপিত স্কুল-কলেজের স্বীকৃতি প্রদান করা হবে না। বিজ্ঞান বিভাগ খোলা হলে তারপরে অন্যান্য বিভাগ খোলার ব্যাপারে বিবেচনা করা হবে। এক্ষেত্রে মানবিক, ব্যবসা, ব্যবস্থাপনা ইত্যাদি।

জানা গেছে, এমপিও ভুক্তির সময় ১৯৯৮-৯৯ অর্থবছরে কমপক্ষে ৬০ ভাগ এবং ১৯৯৯-২০০০ অর্থবছরে শতকরা ৮০ ভাগ বিজ্ঞান বিষয়কে প্রাধান্য দেয়া হবে।

এদিকে স্কুল-কলেজের এমপিও ভুক্তির জন্য শিক্ষা মন্ত্রণালয়ে প্রতিদিন দর্শনার্থীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। পাশাপাশি বিভিন্ন এলাকার সংসদ সদস্যদের আনাগোনা বেড়ে গেছে।